৪৭তম লিখিত বিষয়ভিত্তিক পরীক্ষা

বাংলা : ১ + আন্তর্জাতিক : ১

মোট সময় : ২ ঘন্টা

[দ্রষ্টব্য: প্রত্যেক প্রশ্নের মান প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে]

বাংলা-১

[১. খাতায় উত্তর লেখার সময় প্রার্থীদের অবশ্যই প্রশ্নের ক্রমানুসারে উত্তর লিখতে হবে; অন্যথায় উত্তর মূল্যায়নযোগ্য হবে না।
২. শুধু টেকনিক্যাল ক্যাডারের প্রার্থীদের জন্য ৩নং প্রশ্নের উত্তর লেখার প্রয়োজন নেই।]

১. **নিচের প্রশ্নগুলোর উত্তর দিন :** **নম্বর** ৬×৫ = ৩০

ক. উৎস অনুসারে বাংলা ভাষার শব্দসম্ভারকে কয়ভাগে ভাগ করা হয়েছে? উদাহরণসহ আলোচনা করুন।

খ. 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুযায়ী নিচের শব্দগুলোর বানান সংশোধন করুন এবং কেন অশুদ্ধ তা লিখুন:
পদবী, মূর্চ্ছা, কৃতীত্ব, একাউন্ট, ধরণ, মিসন।

গ. নিচের বাক্যগুলো শুদ্ধ করে লিখুন :
i. গরু-ছাগলের বিরাট হাট।
ii. সব পাখিরা নীড় বাঁধে না।
iii. তার সাথে আমার সখ্যতা আছে।
iv. ছেলেটি দুর্দান্ত মেধাবী।
v. দুর্বিসহ যন্ত্রণায় ভুগছি।
vi. আমি গীতাঞ্জলী পড়েছি।

ঘ. নিচের প্রবাদগুলোর নিহিতার্থ লিখে বাক্যে প্রয়োগ করুন :
মশা মারতে কামান দাগা; মাছের মায়ের পুত্রশোক; এক মাঘে শীত যায় না; গাছে কাঁঠাল গোঁফে তেল; ধরি মাছ না ছুঁই পানি; চোখে সরষে ফুল দেখা।

ঙ. নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন :
১. যা তার প্রাপ্তি তাই তার দান। (সরল বাক্য)
২. তারা নিয়মিত শিক্ষার্থী নয়। (অস্তিবাচক বাক্য)
৩. সৎ লোকের ভয় নেই। (জটিল বাক্য)
৪. দশ মিনিট পর ঘাটে নৌকা ভিড়ল। (যৌগিক বাক্য)
৫. শিশুরা দূষণমুক্ত পরিবেশ চায়। (নেতিবাচক বাক্য)
৬. কী মজার গল্প! (নির্দেশাত্মক বাক্য)

২। **সারমর্ম লিখুন:** ২০

আঠারো বছর বয়সে আঘাত আসে
অবিশ্রান্ত; একে একে হয় জড়ো,
এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে
এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।
তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগে আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো করে।
এ বয়স জেনো ভীরু, কাপুরুষ নয়
পথ চলতে এ বয়স যায় না থেমে,
এ বয়সে তাই নেই কোন সংশয়–
এ দেশের বুকে আঠারো আসুক নেমে।

৩। **সড়ক দুর্ঘটনা রোধকল্পে আপনার অভিমত জানিয়ে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লিখুন।** ১৫

আন্তর্জাতিক : ১

[খাতায় উত্তর লেখার সময় প্রার্থীদের অবশ্যই প্রশ্নের ক্রমানুসারে উত্তর লিখতে হবে; অন্যথায় উত্তর মূল্যায়নযোগ্য হবে না।]

নম্বর

১. **নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর লিখুন :** ৪ × ১০ = ৪০

(ক) আন্তর্জাতিক সম্পর্ক ও আন্তর্জাতিক রাজনীতির মধ্যে পার্থক্য কী?

(খ) ক্ষমতার ভারসাম্য (Balance of power) কী?

(গ) আন্তর্জাতিক সম্পর্কে embedded liberalism ধারণাটি ব্যাখ্যা করুন।

(ঘ) ব্যাক চ্যানেল কূটনীতি কী?

(ঙ) পররাষ্ট্রনীতির অভ্যন্তরীণ উপাদানগুলো কী কী?

(চ) সুনীল অর্থনীতি (Blue economy) সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ছ) ন্যাটোর (NATO) মূল উদ্দেশ্য কী?

(জ) 'ব্রেটন উড্‌স' (Bretton Woods) প্রতিষ্ঠানগুলো সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(ঝ) দুর্বৃত্ত রাষ্ট্র (rough-state) বলতে কী বোঝায়?

(ঞ) জলবায়ু শরণার্থী (Climate Refugee) বলতে কী বোঝায়?